# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

নরসিংদী

ফোন : ০২২২৪৪৫৩২১৩,০২-৯৪৬৪৪৫৮

E-mail: crmmorshingdi@krishibank.org.bd


**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরের ৩য় প্রন্তিকের (জানুয়ারী-মার্চ) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রুহুল আমিন |
| তারিখ ও সময় | ঃ | ২৮.০১.২০২৪ ইং, বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | ঃ | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয়ের কক্ষে |

সভাপতি মহোদয় অত্র অঞ্চলে তাঁর কর্মকালের ২য় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গুরুত্ব,শুদ্ধাচার চর্চা ও দূর্নীতি প্রতিরোধের মাধ্যমে চলতি প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহের অর্জন নিশ্চিতকরন করার দিক নির্দেশনা প্রদান করেন এবং নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব হাবিবুর রহমান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা কে আজকের সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

০২। জনাব মোঃ হাবিবুর রহমান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৩-২৪ অর্থবছরের ২য় প্রান্তিকের সভার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে আলোকপাত করেন এবং সংশ্লিষ্ট বিষয়ে উপস্থিত সকলকে মতামত প্রদানের এবং আলোচনায় অংশগ্রহনের আহবান জানান।

০৩। সভায় অন্যান্য বিষয়ের পাশাপাশি ২০২৩-২৪ অর্থবছরের ২য় প্রান্তিকের সভার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং ১ম প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ শতভাগ অর্জন করার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়।

০৪। সভায় আলোচ্য বিষয়গুলো থেকে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১। শাখাসমূহে প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক সাইনবোর্ড যথাযথভাবে সঠিক স্থানে স্থাপন করা;

৪.২। অঞ্চলাধীন শীর্ষ ১০০ ঋণখেলাপীদের সাথে যোগাযোগ করে ঋণ হিসাবগুলো সম্পূর্ণ আদায় করে শাখার শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস করতে হবে;

৪.৩। সময় সময় চলমান মহাক্যাম্পগুলো ফলপ্রসু করতে হবে;

৪.৪। সকলকে মানিলন্ডারি রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং এতদবিষয়ে যথাসময়ে সভা আয়োজন করতে হবে;

৪.৫। অত্র অঞ্চলের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করবেন, পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করতে হবে;

৪.৬। সদ্য যোগদানকৃত শিক্ষানবিশ কর্মকর্তাদেরকে সকল ধরনের কাজে দক্ষ করে গড়ে তোলার জন্য সকল ধরনের ডেস্কে রোস্টারিং পদ্ধতিতে কাজ করতে হবে;

৪.৭। শাখার অভ্যন্তরে পরিচ্ছন্ন ও কর্মপরিবেশ সুন্দর করা এবং পরিচ্ছন্নতার বিষয়টিকে নিয়মিতভাবে চর্চা করার উপর গুরুত্ব দিতে হবে;

৪.৮। সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋন বিতরন কর্মসূচি যথাযথ ব্যক্তি ও খাত চিহ্নিত পূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

৪.৯। সর্বশেষ পূণাঙ্গ হিসাব সমাপনীতে শ্রেণীকৃত ঋণসমূহ আদায় করে শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস করা।

০৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পদ্ধতির সাথে একাত্মতা প্রকাশ এবং নিষ্ঠা, সততা ও দক্ষতার সমন্বয়ে এই প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক যথাযথভাবে কাজ করে যাবে। তাতে ভালো কাজ করা আমাদের অভ্যাসে পরিণত হবে এবং আমাদের প্রাণের প্রিয় প্রতিষ্ঠানের ভাবমূর্তি উজ্জল হবে । প্রত্যেকের দায়িত্ব প্রত্যেকে যথাযথভাবে পালন করলেই সমাজে ও রাষ্ট্রে শুদ্ধাচার প্রতিষ্ঠিত হবে। শুদ্ধাচার কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের আহবান করে এবং সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| 28.01.24 | 28/1/24 | 28/1/24 | 28/1/2024 | 28/01/2024 |
| (মো: হাবিবুর রহমান)<br>উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা<br>ও<br>সদস্য সচিব/<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি | (ফাতেমা নাসরীন)<br>মুখ্য কর্মকর্তা ও<br>সদস্য<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি | (মো: সালাহ্ উদ্দিন)<br>মুখ্য কর্মকর্তা ও<br>সদস্য<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি | (ম.ম. কামরুজ্জামান আল-আসিফ)<br>সহকারী প্রকৌশলী<br>ও<br>সদস্য<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি | (রুহুল আমিন)<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক<br>ও<br>সভাপতি<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |